সামন্ততন্ত্র কি ? সামন্ততন্ত্রের বৈশিষ্ট্য আলোচনা করো।

রোমান ও জার্মান সমাজব্যবস্থার মিশ্রণ এবং নর্থম্যান, মুসলিম ও হাঙ্গেরীয় আক্রমণের আঘাতে পশ্চিম ইউরোপে সামন্ততন্ত্রের উদ্ভব ও বিকাশ ঘটেছিল, একথা স্বীকৃত। সামন্ততন্ত্র কথাটি ইংরেজি 'Feudalism' এর বাংলা অনুবাদ। ইংরেজি কথাটির উৎপত্তি ঘটেছে লাতিন 'Feodalis' ও ফরাসি 'Feodalite' শব্দ থেকে। সামন্ততন্ত্রের সুনির্দিষ্ট সংজ্ঞা দেওয়া কঠিন। কারণ এটি প্রচুর বা অসংখ্য জটিলতাকে নির্দেশ করে। কিন্তু আমরা মোটামুটি ভালো সংজ্ঞার দিকে এগিয়ে যেতে পারি। যদি আমরা এটিকে অর্থনৈতিক, রাজনৈতিক এবং সামাজিক সম্পর্কের একটি ব্যবস্থা বলে গণ্য করি, যে ব্যবস্থাটি নয় বা দশ শতক থেকে তেরো শতকের মধ্যে ইউরোপে বিদ্যমান ছিল। Tompson and Johnson তাদের 'An Introduction to Medieval Europe ' গ্রন্থে বলেছেন যে -"The period roughly bounded by the dates 800 and 1300 is properly the feudal age,an intermediary age between the last attempt at European empire and the rise of the national monarchies of western Europe."

Myers এর মতে -" সামন্ততন্ত্র হল জমির অদ্ভুত ভোগ দখলের বা অধিকার এর ভিত্তিতে গড়ে ওঠা সমাজ এবং সরকারের একটি বিশেষ রূপ, যেটি মধ্যযুগের পরবর্তী ভাগে ইউরোপে প্রভাব বিস্তার করেছিল বা ব্যাপকতা লাভ করেছিল। যদিও এটির সবথেকে যথার্থ সম্প্রসারণ হয়েছিল এগারো, বারো এবং তের শতকে"। বস্তুত এটি ছিল সরকারের একটি মধ্যযুগীয় ব্যবস্থার প্রধান বৈশিষ্ট্য ছিল বড় জমিদারদের দ্বারা সেই সব রাজকীয় অধিকারের ব্যবহার যেগুলি আগে রাজারা ব্যবহার করতেন। অন্য ভাষায় বলা যায়, সরকারের ক্ষমতার সঙ্গে জমিদারের ক্ষমতার অবিচ্ছেদ্য সম্বন্ধই হল সামন্ততন্ত্র।

জার্মান ঐতিহাসিক F.L.Gander তার 'Feudalism' গ্রন্থে মন্তব্য করেছেন যে, "মধ্যযুগের ইউরোপে একখণ্ড জমি কে কেন্দ্র করে কতগুলো অদ্ভুত ব্যবস্থার উদ্ভব ও বিকাশ ঘটেছিল। এই ব্যবস্থায় একজন আরেকজন কে জমি দান করবে। জমি প্রদানকারী হলেন লর্ড এবং জমি যিনি গ্রহণ করেছেন তিনি হলেন ভ্যাসাল। লর্ড ও ভ্যাসালের মধ্যে সম্পর্ক কে কেন্দ্র করে যে ব্যবস্থার উদ্ভব হয়েছিল তাকে সাধারণ অর্থে সামন্ততন্ত্র বলা হয়"।

সামন্ততন্ত্রের বৈশিষ্ট্য গুলি নিম্নরূপ :---

1) কার্ল মার্কসের মতে, সমাজের দুটি শ্রেণিদ্বন্দ্ব সব সময় দেখতে পাওয়া যায়। একটি শাসক শ্রেনী, অপরটি শোষিত শ্রেনী। মধ্য যুগের সামন্ততন্ত্রের বৈশিষ্ট্যর মধ্যেও দুটি শ্রেণীর অস্তিত্ব লক্ষ্য করা যায়। একটি শাসকশ্রেণী, অপরটির শোষিত শ্রেনী। শাসক শ্রেণীর হাতেই জমির মালিকানা থাকতো। সামন্ততন্ত্রের সবচেয়ে উঁচু সারিতে সম্রাট থাকলেও সামন্ত প্রভুরাও ছিল শাসকশ্রেণী। এদেরকে শোষকশ্রেণী হিসেবেও চিহ্নিত করা যেতে পারে। সার্ফ বা ভূমিদাস এবং নাইটরা সামন্ততন্ত্রের সবচেয়ে নিচের সারিতে অবস্থান করতো বলে এদের শোষিত শ্রেণী হিসেবে চিহ্নিত করা যেতে পারে।

2) সামন্ততন্ত্রের দ্বিতীয় বৈশিষ্ট্যটি হল জমি দখলের একটি পন্থা যার উপর সমস্ত ব্যবস্থা গড়ে উঠেছিল। একজন ব্যক্তির সামাজিক- অর্থনৈতিক অবস্থার উপর ভিত্তি করে তাকে নির্দিষ্ট পরিমাণ জমি দেওয়া হত। সে যে জমিটি অধিকার করত তার সঙ্গে তার সহকারী অবস্থান অবিচ্ছেদ্যভাবে যুক্ত থাকত। একজন ব্যক্তি একটি চুক্তির ভিত্তিতে সামন্তপ্রভুর কাছ থেকে জমি ইজারা নিত। এই চুক্তি দ্বারা সে তার প্রভুকে শাসনতান্ত্রিক কার্য পরিচালনায় সাহায্য করতে বাধ্য থাকত। আইন-শৃঙ্খলা রক্ষার ক্ষেত্রে সে তার প্রভুকে সাহায্য করতে বাধ্য ছিল। যুদ্ধের সময় নিজে সৈনিক হিসাবে বা সৈন্য সরবরাহ করে তাকে সাহায্য করতে হত। সামন্ত প্রভুর প্রতি সামন্ত প্রজার শেষ বাধ্যবাধকতা টি সামন্ততন্ত্র কে একটি সামরিকতন্ত্রের পরিণত করেছিল।

3) সামন্ততন্ত্রের বৈশিষ্ট্য এর মধ্যে পারস্পরিক সম্পর্কের দিকটি লক্ষ্যনীয় ছিল। সামন্ততান্ত্রিক ব্যবস্থায় লর্ড ও ভ্যাসালের মধ্যে পারস্পরিক সম্পর্ক -- দায়িত্ববোধ এবং কর্তব্যবোধ থেকেই গড়ে উঠেছিল। সামন্ততন্ত্রে লর্ডের ভ্যাসালও যেমন দায়িত্ব ও কর্তব্য পালন করতেন, সেই রকম ভ্যাসালের প্রতিও লর্ডকে কিছু দায়িত্ব পালন করতে হত। এছাড়াও সম্রাট থেকে কৃষক পর্যন্ত সকলেই পারস্পরিক সম্পর্কের বাধা পড়েছিল।

4) সামন্ততন্ত্রের মূল বিষয় বা বৈশিষ্ট্য ছিল জমি। জমিকে কেন্দ্র করেই সামন্ততন্ত্রের উদ্ভব ঘটেছিল। সামন্তপ্রভুদের জমি বেশি থাকলে ক্ষমতা ও আভিজাত্যের প্রতীক হিসেবে বিবেচিত হত। জমি বেশি থাকার অর্থ হল মর্যাদা বৃদ্ধি। নরম্যান সমর নেতারা তাই লর্ডের দেওয়া উপহার যেমন অলংকার, অস্ত্রশস্ত্র, ঘোড়া- এর পরিবর্তে জমি চেয়েছিল। এই জমি বেশি থাকলেই এই গুলো অর্জন করা যাবে এবং সামরিক সেনার সংখ্যা বৃদ্ধি পাবে। তাই মধ্যযুগের সামন্ততন্ত্রের মূল ভিত্তি ছিল জমি।

5) সামন্ততান্ত্রিক ব্যবস্থার অপর একটি বৈশিষ্ট্য হল সামন্ত প্রভু এবং সামন্ত প্রজাদের মধ্যে ব্যক্তিগত চুক্তি। যার দ্বারা একে অপরের প্রতি দায়িত্ব ও কর্তব্য পালনে বাধ্য থাকত। একটি অনুষ্ঠানের মাধ্যমে প্রজারা সামন্ত প্রভুর প্রতি আনুগত্যের শপথ নিত। এর ফলে জমির অধিকার এবং প্রজা ও সামন্ত প্রভুর মধ্যে সম্পর্ক পরিচালিত হত তাদের মধ্যে ব্যক্তিগত চুক্তির দ্বারা। এটি কোন আইন দ্বারা পরিচালিত হতো না। 'Feudal Society' গ্রন্থে Marc Bloc বলেছেন, সামন্ততান্ত্রিক সমাজ ব্যবস্থায় লর্ডকে সেবা করার জন্য কৃষকেরা জমিকে ব্যাপকভাবে ব্যবহার করত।

6) কার্ল মার্ক্স ম্যানর ব্যবস্থা কে সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য বলে উল্লেখ করেছিলেন। লর্ডের নিয়ন্ত্রণে থাকা ম্যানর গুলি ছিল স্বয়ংসম্পূর্ণ। ম্যানর গুলিতে কৃষি উৎপাদন হত। সামন্ততান্ত্রিক উৎপাদন ব্যবস্থার ক্ষেত্রে ম্যানর ছিল উল্লেখযোগ্য। ম্যানর ব্যবস্থা কে সামন্ততন্ত্রের অন্যতম বৈশিষ্ট্য বলা যায় না বলে উল্লেখ করেছিলেন মার্ক ব্লক। তার মতে সামন্ততন্ত্রের ধ্বংসের পর এই ব্যবস্থা বজায় ছিল। তাই ম্যানর সামন্ততন্ত্রের বৈশিষ্ট্য ছিল না। যদিও সামন্ততন্ত্রের ম্যানর ব্যবস্থার অস্তিত্ব টের পাওয়া যায়।

7) সামন্ততন্ত্রের অন্যতম বৈশিষ্ট্য হিসেবে Precarium এর কথা বলা যায়। রোমান যুগের ভূমিস্বত্ব ব্যবস্থা হিসেবেPrecarium পরিচিত ছিল। এটি ছিল এমন একটি দান ব্যবস্থা যা পার্থনা কারীর আবেদনে তাকে ব্যবহারের জন্য দেওয়া হত। যে ব্যক্তি Precarium পেত সে

জমির মালিকানা স্বত্ব পেত না। তার কেবলমাত্র জমি ব্যবহারের অধিকার ছিল। Precarium বংশানুক্রমিক অধিকার ভুক্ত ছিল না।

৪) মধ্যযুগের ইউরোপের সামন্ততন্ত্রের সমাজের বৈশিষ্ট্য হিসেবে জমিতে 'Three Field System ' ছিল বিশেষ তাৎপর্যপূর্ণ। ম্যানরে কৃষি জমিগুলিতে তিন ভাগে ভাগ করে নিয়ে চাষ করা হত। এই ব্যবস্থা ত্রিস্তর ভূমিব্যবস্থা বা 'Three Field System' নামে পরিচিত ছিল। এই ব্যবস্থায় একটি জমিতে গম বা রাই চাষ, অপর জমিতে বার্লি, বীন,ওট চাষ এবং অন্য জমিটি ফেলে রাখা হত জমির উর্বরতা বৃদ্ধি করার জন্য।

9) সামন্ততন্ত্রের বৈশিষ্ট্য হিসেবে Serfdom' বা ভূমিদাস দাসত্ব ছিল অন্যতম। ভূমিদাসত্ব বা 'Serfdom' সম্পর্কে Maurice Dobb এর বক্তব্য হল -" সামন্ত প্রভু বা লর্ডের অর্থনৈতিক দাবি-দাওয়া মেটানোর জন্য উৎপাদকের ওপর বা কৃষক বা ভূমি দাসদের উপর জোর করে বাধ্যতামূলক শ্রম অথবা অর্থ কিংবা উৎপন্ন জিনিসপত্রদেবার যে দায় দায়িত্ব চাপিয়ে দেওয়া হত তা 'Serfdom' বা ভূমিদাসত্ব নামে পরিচিত ছিল।

সম্ভাব্য প্রশ্ন :--
১] সামন্ততন্ত্রের বুৎপত্তিগত অর্থ কি ?
২] সামন্ততন্ত্রের সংজ্ঞা লেখ।
৩] সামন্ততন্ত্রের বৈশিষ্ট্য গুলি আলোচনা কর।
৪] Lord কাদের বলে ?
৫] 'Three Field System' কী ?
৬] Precarium System কী ?

সূত্র নির্দেশ :--

1) মধ্যযুগীয় ইউরোপ (৮০০- ১২৫০ খ্রিষ্টাব্দ) -- জয়ন্ত বৈদ্য ও বিশ্বজিৎ রায়।

2) মধ্যযুগের ইউরোপ(৮০০-১২০০) -- পূর্ণেন্দু ভট্টাচার্য।

3) মধ্যযুগের ইউরোপ(রাষ্ট্র, সমাজ, সংস্কৃতি) -- পুলকেশ রায়।